

ভালোবাসা মানেই

আদনান সৈয়দ

ভালোবাসা মানেই মিষ্টি দুপুর
উতাল বনের হাওয়া
ভালোবাসা মানেই গহীন গাঙে
প্রেমের ডিঙি বাওয়া।
ভালোবাসা মানেই তোমার খোপায়
ফুটফুটে লাল গোলাপ
ভালোবাসা মানেই বৃষ্টি দিনে
তোমার সাথে আলাপ
ভালোবাসা মানেই হঠাৎ কোথাও
তোমার চোখাচোখি
ভালোবাসা মানেই তোমার-আমার
অবাধ মাখামাখি।
(নিউইয়র্ক)